রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ

Rabindra University, Bangladesh
Cell : 01303017964
E-mail:rabindrauniversity2017@gmail.com
Web Site : www.rub.ac.bd

স্মারক : রবি/প্রশা/এ.কা/৩২/২০১৭/২৫৯

তারিখ : ১৭ই আষাঢ় ১৪২৭ / ১লা জুলাই ২০২০

বিষয় : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর একাডেমিক কাউন্সিলের ৯ম সভা।

মহোদয়
উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর একাডেমিক কাউন্সিলের ৯ম সভা আগামী ০৬.০৭.২০২০ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় অনলাইন জুম অ্যাপস-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। জুম অ্যাপস-এর Id : 237 893 9844, Passward : 0yHDX8 ব্যবহার করে সংশ্লিষ্ট সকলকে সভায় যোগদান করার জন্য অনুরোধ করা হলো। সভায় সভাপতিত্ব করবেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর মাননীয় উপাচার্য ড. বিশ্বজিৎ ঘোষ। উক্ত সভায় আপনার উপস্থিতি একান্তভাবে কাম্য।

আপনার বিশ্বস্ত-

০১.০৭.২০২০
(মোঃ সোহরাব আলী)
রেজিস্ট্রার
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

প্রাপক : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. অধ্যাপক মোঃ আব্দুল লতিফ, ট্রেজারার ও প্রক্টর (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত), রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
২. অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, ডিন, কলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
৩. অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম, প্রো-ভাইস চ্যান্সেলর, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা
৪. অধ্যাপক ড. মো. আবুল হাসান চৌধুরী, পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী ৬২০৫
৫. অধ্যাপক ড. মোহাম্মদ গিয়াসউদ্দিন, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ১০০০
৬. জনাব লায়লা ফেরদৌস, চেয়ারম্যান, রবীন্দ্র অধ্যয়ন বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
৭. জনাব ফারহানা ইয়াসমিন, চেয়ারম্যান, সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
৮. জনাব বরুণ চন্দ্র রায়, চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
৯. জনাব মোছাঃ শারমিন আক্তার, চেয়ারম্যান, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
১০. জনাব মোঃ রওশন আলম, চেয়ারম্যান, সংগীত বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

অনুলিপি : অবগতির জন্য
১. পরিচালক (চলতি দায়িত্ব), অর্থ ও হিসাব দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
২. মাননীয় উপাচার্য মহোদয়ের দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
৩. সহকারী প্রোগ্রামার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৪. সংশ্লিষ্ট নথি।

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ

Rabindra University, Bangladesh
Cell : 01303017964
E-mail:rabindrauniversity2017@gmail.com
Web Site : www.rub.ac.bd

স্মারক : রবি/প্রশা/এ.কা/৩২/২০১৭/২৫৯

তারিখ : ১৭ই আষাঢ় ১৪২৭ / ১লা জুলাই ২০২০

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর একাডেমিক কাউন্সিলের ৯ম সভার আলোচ্যসূচি

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর একাডেমিক কাউন্সিলের ২১.০১.২০২০ তারিখ অনুষ্ঠিত ৮ম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ (পরিশিষ্ট-১);

২. করোনাকালীন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনার বিষয়ে করণীয় নির্ধারণ;

৩. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর বিভিন্ন বিভাগের ১ম, ২য় ও ৩য় বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যমেয়াদি পরীক্ষা গ্রহণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৭-২০১৮ সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের ২য় বর্ষ এবং ২০১৮-১৯ সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের ১ম বর্ষ পরীক্ষার প্রকাশিত ফল অবহিতকরণ;

৫. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে ২য় বর্ষ বার্ষিক পরীক্ষায় অনুত্তীর্ণ শিক্ষার্থী এবং ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে ১ম বর্ষে অনুত্তীর্ণ শিক্ষার্থীদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৬. ২০১৯-২০২০ অর্থবছরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষক ও কর্মকর্তাদের গবেষণা প্রস্তাব জমা দেওয়ার সময় বৃদ্ধি বিষয়ে অবহিতকরণ;

৭. ২০২০-২০২১ অর্থবছরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষক ও কর্মকর্তাদের গবেষণা প্রস্তাব আহ্বান বিষয়ে অবহিতকরণ;

৮. বিবিধ।

০১.০৭.২০২০
(মোঃ সোহরাব আলী)
রেজিস্ট্রার
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ
ঢাকা লিয়াজোঁ অফিস
বাড়ি ৬৫/এ(৫/বি), রোড ৬/এ, ধানমণ্ডি, ঢাকা ১২০৯

Rabindra University, Bangladesh
ফোন : ০১৩১২ ০০৬ ০৭১
ই-মেইল : rabindrauniversity2017@gmail.com
ওয়েব সাইট : www.rub.ac.bd

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর একাডেমিক কাউন্সিলের ৮ম সভার কার্যবিবরণী

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর একাডেমিক কাউন্সিলের ৮ম সভা ২১.০১.২০২০ তারিখ মঙ্গলবার বিকেল ৩:০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী প্রশাসনিক ভবনের (৭৮/১ ফাহিম ম্যানশন, কান্দাপাড়া, শাহজাদপুর, সিরাজগঞ্জ) সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর উপাচার্য অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ। সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অধ্যাপক মোঃ আব্দুল লতিফ, ট্রেজারার ও প্রক্টর পদে অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
২. অধ্যাপক ড. মো. আবুল হাসান চৌধুরী, পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী ৬২০৫
৩. জনাব মোঃ সোহরাব আলী, রেজিস্ট্রার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৪. ড. মোঃ ফখরুল ইসলাম, চেয়ারম্যান, রবীন্দ্র অধ্যয়ন বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৫. ড. মোহাম্মদ তানভীর আহমেদ, চেয়ারম্যান, সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৬. জনাব আরিফুল ইসলাম, চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৭. জনাব মোছা. শারমিন আক্তার, চেয়ারম্যান, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৮. জনাব মোঃ রওশন আলম, চেয়ারম্যান, সংগীত বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৯. জনাব ফারহানা ইয়াসমিন, প্রভাষক, সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ

২. সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

বিষয়-১ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর একাডেমিক কাউন্সিলের ২৭.০৮.২০১৯ তারিখ অনুষ্ঠিত ৭ম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর একাডেমিক কাউন্সিলের ৭ম সভা গত ২৭.০৮.২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় পেশ করা হলো।

২. একাডেমিক কাউন্সিলের সভার সিদ্ধান্ত পর্যালোচনা ও নিশ্চিতকরণের জন্য পেশ করা হলো।

সিদ্ধান্ত-১ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর একাডেমিক কাউন্সিলের ২৭.০৮.২০১৯ তারিখ অনুষ্ঠিত ৭ম সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে নিশ্চিত করা হলো।

বিষয়-২ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৭-২০১৮ সেশনে রবীন্দ্র অধ্যয়ন, অর্থনীতি এবং সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রথম বর্ষ চূড়ান্ত পরীক্ষার প্রকাশিত ফল অবহিতকরণ ও অনুমোদন।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর কলা অনুষদের অধীন রবীন্দ্র অধ্যয়ন বিভাগ, সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগে এবং সামাজিক বিজ্ঞান অনুষদের অধীন অর্থনীতি বিভাগে ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে পাঠদান শুরু হয়েছে। রবীন্দ্র অধ্যয়ন বিভাগের ফল ০৭.০৭.২০১৯, অর্থনীতি বিভাগের ফল ০৯.০৭.২০১৯ এবং সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগের ফল ১৪.০৭.২০১৯ তারিখে প্রকাশিত হয় (সংযুক্তি-১)।

২. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৭-২০১৮ সেশনে রবীন্দ্র অধ্যয়ন, অর্থনীতি এবং সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রথম বর্ষ চূড়ান্ত পরীক্ষার প্রকাশিত ফল অবহিতকরণ ও অনুমোদনের জন্য পেশ করা হলো।

সিদ্ধান্ত-২ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৭-২০১৮ সেশনে রবীন্দ্র অধ্যয়ন, অর্থনীতি এবং সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রথম বর্ষ চূড়ান্ত পরীক্ষার প্রকাশিত ফল অবহিতকরণ ও অনুমোদন করা হলো।

বিষয়-৩ : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির বিষয় অবহিতকরণ।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) শ্রেণিতে ৫টি বিভাগে (রবীন্দ্র অধ্যয়ন বিভাগ, সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ, অর্থনীতি বিভাগ, ম্যানেজমেন্ট স্টাডিজ এবং সংগীত বিভাগ) প্রথম বর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য গত ১৫.০৯.২০১৯ তারিখে পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করা হয়। গত ২৫.১১.২০১৯ তারিখ পর্যন্ত অনলাইনে ভর্তি নিবন্ধন কার্যক্রম পরিচালিত হয়েছে। পাঁচটি বিভাগে ভর্তির জন্য বিজ্ঞান শাখায় ২৬১০ জন, মানবিক শাখায় ১৬৬৮ জন এবং ব্যবসায় শিক্ষা শাখায় ৬৮১ জন শিক্ষার্থীসহ মোট ৪৯৫৯ জন নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করে।

২. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর প্রয়োজনীয় জনবল এবং নিজস্ব ক্যাম্পাস না থাকার কারণে গত দুই বছরের ন্যায় এবছরও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের তত্ত্বাবধানে গত ৭ই ডিসেম্বর ২০১৯ তারিখ শুক্রবার বিকাল ৩:০০টা থেকে ৪.০০টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ৯ই ডিসেম্বর ২০১৯ কলা অনুষদের মাননীয় ডিন প্রফেসর ড. আবু মো. দেলোয়ার হোসেন পরীক্ষার ফল হস্তান্তর করেন।

৩. ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে পাঁচটি বিভাগে ভর্তি পরীক্ষায় বিজ্ঞান শাখায় ১৫০৬ জন, মানবিক শাখায় ১০৮২ জন এবং ব্যবসায় শিক্ষা শাখায় ৪৪১ জনসহ মোট ৩০২৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। পরীক্ষায় উপস্থিতির হার **৬১.০৮** ভাগ। ৯ই ডিসেম্বর রাত ৮.০০ ঘটিকায় প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (c প্রকাশ করা হয়।

৪. গত ০৬.০১.২০২০ থেকে ০৮.০১.২০২০ তারিখ পর্যন্ত ৪টি বিভাগের (রবীন্দ্র অধ্যয়ন বিভাগ, সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ, অর্থনীতি বিভাগ, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ) শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। প্রতিটি বিভাগের জন্য নির্ধারিত আসনের বিপরীতে দ্বিগুণ সংখ্যক শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হয়। এছাড়া ০৯.০১.২০২০ ও ১৬.০১.২০২০ তারিখ সংগীত বিভাগের ভর্তির লক্ষ্যে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল শিক্ষার্থীদের মধ্যে সংগীত বিষয়ে পরিবেশনায় পারদর্শী শিক্ষার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়।

৫. রবীন্দ্র অধ্যয়ন বিভাগে ৩০টি, সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগে ৩৫টি, অর্থনীতি বিভাগে ৩৫টি, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগে ৩৫টি এবং সংগীত বিভাগে ২০টি আসন রয়েছে। প্রতিটি বিভাগে মুক্তিযোদ্ধা, শারীরিক প্রতিবন্ধী ও উপজাতি কোটায় ১জন করে শিক্ষার্থী ভর্তির বিষয় নির্ধারিত ছিল। পাঁচটি বিভাগে (৩৩জন+৩৮জন+৩৮জন+ ৩৮জন+২০জন)= ১৬৭ জন শিক্ষার্থী ভর্তির কাজ চলছে।

৬. বিষয়টি একাডেমিক কাউন্সিল সভায় সদয় অবহিতকরণের জন্য পেশ করা হলো।

সিদ্ধান্ত-৩ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির বিষয় অবহিত করা হলো।

বিষয়-৪ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর সংগীত বিভাগে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি বিষয়ক সিদ্ধান্ত সংশোধন।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে সংগীত বিভাগে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির জন্য নিম্নোক্ত তালিকা অনুযায়ী বিজ্ঞপ্তি প্রচার করা হয়।

ভর্তির ক্ষেত্রে শাখাভিত্তিক আসন বন্টন :

বিভাগ	আসন বন্টন			মোট আসন
	মানবিক	বিজ্ঞান	ব্যবসায় শিক্ষা	
সংগীত বিভাগ	১৫	০৩	০২	২০

২. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের গত ০৯.০১.২০২০ এবং ১৬.০১.২০২০ তারিখ ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। উক্ত পরীক্ষার মাধ্যমে মানবিক শাখা থেকে ১০ জন, বাণিজ্য শাখা থেকে ২ জন এবং বিজ্ঞান শাখা থেকে ৩ জনসহ মোট ১৫জন শিক্ষার্থীকে ভর্তির জন্য সুপারিশ করা হয়। এছাড়া বিজ্ঞান শাখায় ৮ জন এবং বাণিজ্য শাখায় ২ জন শিক্ষার্থীকে ভর্তির জন্য অপেক্ষমান তালিকায় রাখার সুপারিশ করা হয় (সংযুক্তি-১)। মানবিক শাখায় ৫টি আসন শূন্য রয়েছে।

এমতাবস্থায় মানবিক শাখার শূন্য আসনসমূহ বিজ্ঞান শাখা ও বাণিজ্য শাখার অপেক্ষমান তালিকা থেকে পূরণ করার বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন।

৩. বিষয়টি একাডেমিক কাউন্সিল সভায় সদয় বিবেচনা ও সিদ্ধান্তের জন্য পেশ করা হলো।

সিদ্ধান্ত-৪ : বিস্তারিত আলোচনা শেষে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর **সংগীত বিভাগে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে** মানবিক শাখার ৫ (পাঁচ)টি শূন্য আসন বিজ্ঞান শাখা থেকে ৪জন শিক্ষার্থী ও বাণিজ্য শাখা থেকে ১জন শিক্ষার্থীকে উক্ত শাখাসমূহের অপেক্ষমান তালিকা থেকে পূরণ করা যেতে পারে।

বিষয়-৫ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর সকল বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের জন্য প্রণীত নীতিমালার বিষয়ে আলোচনা ও পরামর্শ প্রদান।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এ ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে একাডেমিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। নব-প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি ও উচ্চশিক্ষার প্রণোদনা সৃষ্টির লক্ষ্যে সরকারের রাজস্ব বাজেট, নিজস্ব আয় ও অন্যান্য দান-অনুদান থেকে প্রাপ্ত অর্থ থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মেধাবৃত্তি প্রদানের বিষয় বিবেচনা করছে। এ-লক্ষ্যে বাংলাদেশ মঞ্জুরী কমিশন মেধাবৃত্তি প্রদানের জন্য একটি যুগোপযোগী নীতিমালা প্রণয়নপূর্বক কমিশনে প্রেরণের জন্য বলেছেন। সে-বিবেচনায় মেধাবৃত্তি প্রদানের জন্য খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়ছে (সংযুক্তি-১)।

২. একাডেমিক কাউন্সিলের সভায় মেধাবৃত্তি প্রদানের নীতিমালার উপর আলোচনা ও পরামর্শ প্রদানের জন্য পেশ করা হলো।

সিদ্ধান্ত-৫ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর সকল বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের জন্য প্রণীত নীতিমালার উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাপূর্বক অনুমোদনের জন্য সিন্ডিকেট সভায় উপস্থাপনের সুপারিশ করা হয়।

বিষয়-৬ : ২০১৯-২০২০ অর্থবছরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষক ও কর্মকর্তাদের নিকট থেকে প্রাপ্ত গবেষণা প্রস্তাব বিষয়ে আলোচনা ও পরামর্শ প্রদান।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৯-২০২০ অর্থবছরে রাজস্ব বাজেটে গবেষণা খাতে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দের নিকেট থেকে গবেষণা প্রস্তাব আহ্বানের পরিপ্রেক্ষিতে মোট ০৮ (আট)টি গবেষণা প্রস্তাব পাওয়া যায় (সংযুক্তি-১)। উক্ত গবেষণা প্রস্তাবের তালিকা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে প্রেরণের নির্দেশনা রয়েছে।

২. প্রাপ্ত গবেষণা প্রস্তাব বিষয়ে আলোচনা ও পরামর্শ প্রদানের জন্য সভায় পেশ করা হলো।

সিদ্ধান্ত-৬ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৯-২০২০ অর্থবছরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষক ও কর্মকর্তাদের নিকট থেকে প্রাপ্ত নিম্নোক্ত গবেষণা প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাপূর্বক অনুমোদন করা হয়। তবে গবেষকবৃন্দ কর্তৃক প্রস্তাবিত বাজেটের স্থলে প্রত্যেক গবেষণার জন্য ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা প্রদান এবং ৩০শে জুন ২০২০-এর মধ্যে গবেষণাকার্য সম্পন্ন করে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করার জন্য সুপারিশ গৃহীত হয়।

ক্রমিক	গবেষকের নাম ও পদবি	গবেষণার শিরোনাম	প্রস্তাবিত বাজেট
০১	জনাব মোছাঃ শারমিন আক্তার প্রভাষক, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ	Factors Affecting the Technological Entrepreneurship Development in Bangladesh: A Study on Socio-economic Perspective of Sirajganj District	৮৩,০০০/=
০২	জনাব হাবিবুর রহমান প্রভাষক, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ	Factors affecting entrepreneurship in Rural Community in Bangladesh : A study in Shahjadpur BSCIC (Sirajgonj) arena	৮৫,০০০/=
০৩	জনাব নুসরাত জাহান প্রভাষক, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ	Assessing SNS user's benefits : An extension of DeLone and McLean Information System Success Model	৩০,০০০/=
০৪	জনাব মো. জাবেদ ইকবাল প্রভাষক, রবীন্দ্র অধ্যয়ন বিভাগ রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ	রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুল ইসলাম-এর শিক্ষাভাবনা : একটি তুলনামূলক পর্যালোচনা	৫০,০০০/=

ক্রমিক	গবেষকের নাম ও পদবি	গবেষণার শিরোনাম	প্রস্তাবিত বাজেট
০৫	জনাব রাজীব অধিকারী প্রভাষক, সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ	শাহজাদপুরের তাঁতশিল্পের একাল সেকাল	৫০,০০০/=
০৬	জনাব বিজন কুমার প্রভাষক, অর্থনীতি বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ	International Remittance and Household Well-being in Bangladesh	৮৪,৫০০/=
০৭	জনাব চন্দন মণ্ডল পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ	শাহজাদপুরের দুগ্ধশিল্পের ক্রমবিকাশ এবং পরিবেশের উপরে উক্ত শিল্পের ইতিবাচক ও নেতিবাচক প্রভাব	৩৮,০০০/=
০৮	জনাব পীযুষ মণ্ডল ডকুমেন্টেশন অফিসার রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ	শাহজাদপুরের দুগ্ধশিল্পে নিয়োজিত নারী-শ্রমিকদের আর্থ-সামাজিক অবস্থা পর্যালোচনা	৩৩,২০০/=

বিষয়-৭ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২য়, ৩য় ও ৪র্থ বর্ষে ভর্তি কোর্স ফি মওকুফ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২য়, ৩য় ও ৪র্থ বর্ষে ভর্তির সময় কোর্স ফি বাবদ প্রতি শিক্ষার্থীর নিকট থেকে ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে মোট ৪,০০০.০০ (চার হাজার) টাকা গ্রহণ করা হয়।

২. বার্ষিক চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণের সময় শিক্ষার্থীদের নিকট থেকে প্রথম ও দ্বিতীয় মধ্যমেয়াদি পরীক্ষার ফি বাবদ (ইনকোর্স ফি) ১০০.০০ (একশত) টাকা হারে মোট ৮০০.০০ (আটশত) টাকা গ্রহণ করা হয়। শিক্ষার্থীবৃন্দ উক্ত ইনকোর্স পরীক্ষার ফি বাবদ অর্থ মওকুফের জন্য আবেদন করেছেন।

৩. বিষয়টি একাডেমিক কাউন্সিলের সভায় বিবেচনা ও নির্দেশের জন্য পেশ করা হলো।

সিদ্ধান্ত-৭ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২য়, ৩য় ও ৪র্থ বর্ষে বার্ষিক চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণের সময় শিক্ষার্থীদের নিকট থেকে গৃহীত প্রথম ও দ্বিতীয় মধ্যমেয়াদি পরীক্ষার ফি (ইনকোর্স ফি) বাবদ প্রতি কোর্সের জন্য ১০০.০০ (একশত) টাকা হারে উক্ত বর্ষসমূহে ভর্তির প্রাক্কালে একত্রে গ্রহণ করা যেতে পারে।

বিষয়-৮ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষকবৃন্দ কর্তৃক প্রকাশিত গবেষণা প্রবন্ধ বিষয়ে আলোচনা ও নির্দেশনা।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষকবৃন্দ কর্তৃক প্রকাশিত গবেষণা প্রবন্ধের তালিকা নিম্নরূপ :

ক্রমিক	**নাম ও পদবি**	**গবেষণা প্রবন্ধের শিরোনাম**	**পত্রিকা, জার্নাল ও প্রতিষ্ঠান নাম**
১	ড. মোহাম্মদ তানভীর আহমেদ চেয়ারম্যান সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ	প্রাচীন ও মধ্যযুগের বাঙলা নাট্যরীতির কাঠামো	*বাংলা একাডেমি পত্রিকা* ৫৯ বর্ষ : ১ম-৪র্থ সংখ্যা–৬২ বর্ষ : ১ম-৪র্থ সংখ্যা, বাংলা একাডেমিক (জানুয়ারি ২০১৫ – ডিসেম্বর ২০১৮)
২	জনাব মোঃ রিফাত-উর-রহমান প্রভাষক সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ	Ancient Trade Network of Bangladesh : a case study of Mahasthangarh	Stamfod Journal of Environment and Human Habitat, Volume 7 (July, 2018)
৩	জনাব জান্নাতুল মাওয়া মুন প্রভাষক সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ	Eleventh Parliamentary Election in Bangladesh : An Empirical Study	Science Publishing Group এর Advances in Science and Humanities পত্রিকার ২০১৯ এর 5(5) : ১২২-১২৭ সংখ্যায় প্রকাশিত। Doi Number : 10.11648/ j.ash. 20190505.12 এবং ISSH : 2472-0941
৪	ড. মোঃ ফখরুল ইসলাম চেয়ারম্যান রবীন্দ্র অধ্যয়ন বিভাগ	রবীন্দ্রনাথের নীতিকাব্য : কণিকা	সাহিত্য পত্রিকা বর্ষ : ৫৫ সংখ্যা : ২ ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

৫	মোঃ মাইনুল ইসলাম প্রভাষক রবীন্দ্র অধ্যয়ন বিভাগ	ব্যক্তির ভাষিক নির্বাচন ও ভাষাব্যবহার : ক্রিয়াশীল নিয়ামকসমূহ	*বাংলা একাডেমি পত্রিকা* ৫৯ বর্ষ : ১ম-৪র্থ সংখ্যা–৬২ বর্ষ : ১ম-৪র্থ সংখ্যা, বাংলা একাডেমিক (জানুয়ারি ২০১৫ – ডিসেম্বর ২০১৮)

২. একাডেমিক কাউন্সিলের সভায় প্রকাশিত গবেষণা প্রবন্ধ বিষয়ে আলোচনা নির্দেনার জন্য পেশ করা হলো।

সিদ্ধান্ত-৮ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষকবৃন্দ কর্তৃক প্রকাশিত গবেষণা প্রবন্ধের বিষয়ে অবহিত হলো।

বিষয়-৯ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষক ও কর্মকর্তাগণের পিএইচ. ডি. বিষয়ক তথ্য অবহিতকরণ ও অনুমোদন।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর নিম্নোক্ত শিক্ষক ও কর্মকর্তা পিএইচ. ডি. গবেষক হিসেবে গবেষণারত রয়েছেন :

ক্রমিক	নাম ও পদবি	গবেষণার শিরোনাম ও তত্ত্বাবধায়ক	গবেষণারত প্রতিষ্ঠান
১	জনাব লায়লা ফেরদৌস প্রভাষক রবীন্দ্র অধ্যয়ন বিভাগ	রবীন্দ্র-নাটকে নৃত্ত, নৃত্য ও সংগীত প্রসঙ্গ : তত্ত্ব ও প্রয়োগ অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ	বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
২	জনাব চন্দন মণ্ডল গবেষণা কর্মকর্তা পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর	Numerical & Practicl Simulation of Local Scour hole around Bridge Pier and its Prevention	খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা

২. একাডেমিক কাউন্সিলের সভায় শিক্ষক ও কর্মকর্তাগণের পিএইচ. ডি. গবেষণা-বিষয়ক তথ্যাদি অবহিত ও অনুমোদনের জন্য পেশ করা হলো।

সিদ্ধান্ত-৯ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষক ও কর্মকর্তা কর্তৃক পিএইচ. ডি. গবেষণা খণ্ডকালীন সম্পন্নের বিষয় অনুমোদন করা হলো।

বিষয়-১০ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষার্থীগণের ভর্তি বাতিল বিষয়ক তথ্যাদি অবহিতকরণ ও অনুমোদন।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর তিনটি বিভাগে ২০১৮-১৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত নিম্নোক্ত শিক্ষার্থীবৃন্দ ভর্তি বাতিল এবং শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করেনি :

ক. রবীন্দ্র বিভাগ :

ক্রমিক	শিক্ষার্থীর নাম	শিক্ষার্থী আইডি নম্বর	নিবন্ধন নম্বর	মন্তব্য
১	মোঃ তালহা জুবায়ের	১৯০১০১২১	২০১৯০১০১১২৪	ভর্তি বাতিল করা হয়েছে

খ. সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ বিভাগ :

ক্রমিক	শিক্ষার্থীর নাম	শিক্ষার্থী আইডি নম্বর	নিবন্ধন নম্বর	মন্তব্য
১	মানসী রায়	১৯০১০২২৮	--	ভর্তি বাতিল করা হয়েছে
২	সুরাইয়া পারভীন স্বর্ণা	১৯০১০২২৪	১৯০১০২০১৫৬	ভর্তি বাতিল করা হয়েছে

গ. অর্থনীতি বিভাগ :

ক্রমিক	শিক্ষার্থীর নাম	শিক্ষার্থী আইডি নম্বর	নিবন্ধন নম্বর	মন্তব্য
১	নয়ন মনি	১৯০২০১২৯	--	ভর্তি বাতিল করা হয়েছে
২	জান্নাতুল নাঈমা	১৯০২০১২৪	--	ভর্তি বাতিল করা হয়েছে
৩	মোঃ নাজমুল সাঈদ	১৯০২০১২৩	--	ভর্তি বাতিল করা হয়েছে
৪	জুবায়ের উল্লাহ	১৯০২০১০৯	--	ভর্তি বাতিল করা হয়েছে

ঘ. ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ :

ক্রমিক	শিক্ষার্থীর নাম	শিক্ষার্থী আইডি নম্বর	নিবন্ধন নম্বর	মন্তব্য
১	মোঃ উমর আলী	১৯০৩০১৩২	--	ভর্তি বাতিল করা হয়েছে
২	হুমায়রা আক্তার শিলা	১৯০৩০১২১	--	ভর্তি বাতিল করা হয়েছে

২. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত নিম্নোক্ত শিক্ষার্থীবৃন্দ ভর্তি বাতিল এবং শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করেনি :

সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ :

ক্রমিক	শিক্ষার্থীর নাম	শিক্ষার্থী আইডি নম্বর	নিবন্ধন নম্বর	মন্তব্য
১	মোঃ রাজিব হোসেন ভর্তি রোল ৫০২৪১৫	২০০২০২২৬	--	ভর্তি বাতিল করা হয়েছে

৩. ২০১৮-১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি বাতিলের বিষয় সভায় অবহিত ও অনুমোদনের জন্য পেশ করা হলো।

সিদ্ধান্ত-১০ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষার্থীগণের ভর্তি বাতিল বিষয়ক তথ্যাদি অবহিত ও অনুমোদন করা হলো।

বিষয়-১১ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষার্থীগণের পুনঃভর্তি বিষয়ক তথ্যাদি অবহিতকরণ ও অনুমোদন।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৮-১৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত নিম্নোক্ত শিক্ষার্থীবৃন্দ ভর্তি হয়ে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করেনি এবং নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করেনি। বর্ণিত শিক্ষার্থীবৃন্দ ২০১৯-২০ শিক্ষাবর্ষে পুনরায় ভর্তির জন্য আবেদন করেছে।

রবীন্দ্র অধ্যয়ন বিভাগ :

ক্রমিক	শিক্ষার্থীর নাম	শিক্ষার্থী আইডি নম্বর	নিবন্ধন নম্বর	মন্তব্য
১	মোঃ মমিনুল ইসলাম	১৯০১০১০৯	--	নিবন্ধন করেনি

সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ :

ক্রমিক	শিক্ষার্থীর নাম	শিক্ষার্থী আইডি নম্বর	নিবন্ধন নম্বর	মন্তব্য
১	ইউশা অপূর্বা	১৯০১০২২১	--	নিবন্ধন করেনি
২	সাকিবুল হাসান	১৯০১০২২৪	--	নিবন্ধন করেনি
৩	মোছাঃ রিপা আলমগীর	১৯০১০২১৩	--	নিবন্ধন করেনি

২. ২০১৮-১৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে পুনঃভর্তির বিষয় সভায় অবহিত ও অনুমোদনের জন্য পেশ করা হলো।

সিদ্ধান্ত-১১ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষার্থীগণের পুনঃভর্তি বিষয়ক তথ্যাদি অবহিত ও অনুমোদন করা হলো।

বিষয়-১২ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ এবং সংগীত বিভাগের ১ম বর্ষের পাঠক্রম অবহিতকরণ।

১. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০১৮-১৯ শিক্ষাবর্ষ থেকে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগে শিক্ষার্থী ভর্তি ও পাঠদান শুরু হয়েছে। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ থেকে সংগীত বিভাগে শিক্ষার্থী ভর্তি করা হচ্ছে। ৩০ জানুয়ারি ২০২০ আনুষ্ঠানিকভাবে পাঠদান শুরু হবে।

২. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ এবং সংগীত বিভাগের পাঠক্রম প্রণয়নের জন্য ইতোমধ্যে কমিটি গঠন করা হয়। পাঠক্রম কমিটি কয়েকটি সভায় মিলিত হয়ে **১ম** বর্ষের পাঠক্রম চূড়ান্ত করেন। উক্ত পাঠক্রমের মাধ্যমে পাঠদান করা হচ্ছে।

৩. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ এবং সংগীত বিভাগের পাঠক্রম পর্যালোচনা ও অনুমোদনের জন্য সভায় পেশ করা হলো (সংযুক্তি **১** ও **২**)।

৪. বিষয়টি একাডেমিক কাউন্সিল সদয় অবহিত হতে পারেন।

সিদ্ধান্ত-১২ : রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ এবং সংগীত বিভাগের **১ম** বর্ষের পাঠক্রম অবহিত করা হলো।

স্বাক্ষরিত/

(প্রফেসর ড. বিশ্বজিৎ ঘোষ)
উপাচার্য
ও
সভাপতি, একাডেমিক কাউন্সিল
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ